

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পরিকল্পনা-১ শাখা  
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০৯৩.০১৪.০১.০০.৩৬৭.২০১৭-৭৮৫

তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪২৭  
০১ ডিসেম্বর ২০২০

**বিষয়:** এলজিইডি কর্তৃক বাস্তবায়নাধীন “পটুয়াখালী জেলার লোহালিয়া নদীর উপর নির্মাণাধীন পিসি গার্ডার ব্রিজের অসমাপ্ত নির্মাণ কাজ সমাপ্তকরণ” শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির প্রস্তাব প্রেরণ


সূত্রঃ এলজিইডি'র স্মারক নং-৪৬.০২.০০০০.৯৩৩.১৮.০০১.১৮-৬৮১; তারিখ: ০১/১১/২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকদ্বয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পটুয়াখালী জেলার লোহালিয়া নদীর উপর নির্মাণাধীন পিসি গার্ডার ব্রিজের অসমাপ্ত নির্মাণ কাজ সমাপ্তকরণ” শীর্ষক প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে মোট ১০২.০০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয় এবং জুলাই ২০১৮ হতে ডিসেম্বর ২০২০ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য গত ১১/০৯/২০১৮ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। অক্টোবর ২০২০ পর্যন্ত প্রকল্পটির ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতি ৩৫% এবং আর্থিক অগ্রগতি ২৪.১৯ কোটি টাকা (২৩.৭২%)।

২। প্রকল্পভুক্ত ৫৭৬.২৫ মিঃ দৈর্ঘ্যের ব্রীজটির ১২ টি স্প্যান আরসিসির এবং নদীর মাঝে ১০৭.২ মিঃ দৈর্ঘ্যের ১টি স্প্যান স্টীল ট্রাসের। বর্তমানে ব্রীজের সাবস্ট্রাকচারের সকল কাজ শেষ হয়েছে। পিয়ারের কাজ চলমান আছে। প্রকল্পের কাজ বাস্তবায়নে ঠিকাদারকে ১ বছর ৪ মাস সময় দেয়া হয়েছিল। কিন্তু প্রকৃত বাস্তবতায় ৫৭৬.২৫ মিঃ দৈর্ঘ্যের ব্রীজটির সমস্ত কাজ (ভূমি অধিগ্রহণ, এপ্রোচ রোড, রোড প্রোস্টেটিভ কাজ ইত্যাদিসহ) বাস্তবায়নের জন্য অতিরিক্ত সময় প্রয়োজন। এছাড়া বিশ্বব্যাপী করোনা মহামারীর জন্য মাঠ পর্যায়ে কাজের অগ্রগতি ব্যহত হয়েছে বিধায় এলজিইডি হতে প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে বাস্তবায়ন মেয়াদ আরও ২ (দুই) বছর মেয়াদ বৃদ্ধি অর্থাৎ ডিসেম্বর ২০২২ পর্যন্ত বৃদ্ধির প্রস্তাব করা হয়। সে প্রেক্ষিতে এ বিভাগের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ১২/১০/২০২০ তারিখে অনুষ্ঠিত প্রজেক্ট স্টিয়ারিং কমিটির সভায় প্রকল্পটির মেয়াদ ০২ (দুই) বছর বৃদ্ধির বিষয়ে সুপারিশ করা হয়েছে (সংযুক্তি-১)।

৩। এমতাবস্থায়, এলজিইডি কর্তৃক বাস্তবায়নাধীন “পটুয়াখালী জেলার লোহালিয়া নদীর উপর নির্মাণাধীন পিসি গার্ডার ব্রিজের অসমাপ্ত নির্মাণ কাজ সমাপ্তকরণ” শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ০২ (দুই) বছর মেয়াদ বৃদ্ধির অর্থাৎ জুলাই ২০১৮ হতে ডিসেম্বর ২০২০ এর পরিবর্তে জুলাই ২০১৮ হতে ডিসেম্বর ২০২২ পর্যন্ত বৃদ্ধির বিষয়ে সম্মতি/মতমত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তিঃ পূরণকৃত মেয়াদ বৃদ্ধির নির্ধারিত ছক ০২ (দুই) প্রস্থ।

  
(মুহাম্মদ আর্শাদ শরীফ)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৯৫৭৮০১২  
planning1.lgd@gmail.com

০১। সদস্য  
কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ  
পরিকল্পনা কমিশন  
শেরে বাংলা নগর, ঢাকা।

০২। সচিব  
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ  
শেরে বাংলা নগর, ঢাকা।  
(দৃঃ আঃ মহাপরিচালক, স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন সেক্টর)

অনুলিপি:

- ১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৫। মহাপরিচালক (মইই উইং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। যুগ্মসচিব (পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।